ওয়েল মিলস এন্ড ভেজিটেবল প্রডাক্টস
-২০১০

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ আষাঢ় ১৪১৭/৩০ জুন ২০১০

এস.আর.ও. নং ২৪৩-আইন/২০১০/শ্রকম/শা-৬/নিঃমঃনিঃ-৪/২০০৯—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন মজুরী বোর্ড কর্তৃক "ওয়েল মিলস এন্ড ভেজিটেবল প্রডাক্টস" শিল্প সেক্টরের শ্রমিকগণের জন্য সুপারিশকৃত নিম্নতম মজুরীর হার, নিম্নে উল্লিখিত "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত হারে এবং শর্ত সাপেক্ষে, ঘোষণা করিল, যথা ঃ—

## "ক" পরিচ্ছেদ

### শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী-বিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

উচ্চতর দক্ষ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ১০,৫০০/- | ৫,২৫০/-(৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ১৬,৪৫০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ১০,৫০০/- | ৪,২০০/-(৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ১৫,৪০০/- |

১। সিনিয়র ইলেকট্রিশিয়ান;
২। সিনিয়র ফিটার;


মূল্য ঃ টাকা ৪·০০

৩। সিনিয়র রিফাইনারী অপারেটর;

৪। সিনিয়র ইঞ্জেকশন মেশিন অপারেটর;

৫। সিনিয়র ব্লুইং মেশিন অপারেটর;

৬। সিনিয়র এস,এম,সি মেশিন অপারেটর;

৭। সিনিয়র প্যাকিং মেশিন অপারেটর;

৮। সিনিয়র ল্যাব এ্যাসিসটেন্ট;

৯। সিনিয়র বয়লারম্যান;

১০। সিনিয়র কোয়ালিটি কন্ট্রোলার;

১১। সিনিয়র শর্টেনিং মেশিন অপারেটর;

১২। সিনিয়র ড্রামফিলিং মেশিন অপারেটর;

১৩। সিনিয়র ওয়ার্কশপ ওয়ার্কার;

১৪। সিনিয়র লেদম্যান/সিনিয়র লেদ মিস্ত্রী;

১৫। সিনিয়র বয়লার এটেনডেন্ট;

১৬। সিনিয়র ওয়েল্ডার; ও

১৭। সিনিয়র এক্সপেলার মিস্ত্রী।

**দক্ষ ঃ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ৭,৫০০/- | ৩,৭৫০/-(৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ১১,৯৫০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭,৫০০/- | ৩,০০০/-(৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ১১,২০০/- |

১। ইলেকট্রিশিয়ান;

২। ফিটার;

৩। রিফাইনারী অপারেটর;

৪। ইঞ্জেকশন মেশিন অপারেটর;

৫। ব্লুইং মেশিন অপারেটর;

৬। এস, এম, সি মেশিন অপারেটর;

৭। প্যাকিং মেশিন অপারেটর;

৮। ল্যাব এ্যাসিসটেন্ট;

৯। বয়লারম্যান;

১০। কোয়ালিটি কন্ট্রোলার;

১১। শর্টেনিং মেশিন অপারেটর;

১২। ড্রামফিলিং মেশিন অপারেটর;

১৩। ওয়ার্কশপ ওয়ার্কার;

১৪। লেদম্যান;

১৫। বয়লার এটেনডেন্ট;

১৬। কর্মকার/ব্লাকস্মিথ;

১৭। পাইপ ফিটার;

১৮। পাম্প মেশিনম্যান;

১৯। লাইনম্যান/ঘানীম্যান;

২০। এক্সপ্লেয়ারম্যান; ও

২১। প্রোডাকশন শ্রমিক।

আধা-দক্ষ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ৫,৮০০/- | ২,৯০০/-(৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ৯,৪০০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫,৮০০/- | ২,৩২০/-(৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ৮,৮২০/- |

১। সহকারী ইলেকট্রিশিয়ান;

২। সহকারী ফিটার/সহকারী ফিটারম্যান;

৩। সহকারী রিফাইনারী অপারেটর;

৪। সহকারী ইঞ্জেকশন মেশিন অপারেটর;

৫। সহকারী ব্লুইং মেশিন অপারেটর;

৬। সহকারী এস,এম,সি মেশিন অপারেটর;

৭। সহকারী প্যাকিং মেশিন অপারেটর;

৮। সহকারী ল্যাব এ্যাসিসটেন্ট;

৯। সহকারী বয়লারম্যান;

১০। সহকারী কোয়ালিটি কন্ট্রোলার;

১১। সহকারী শর্টেনিং মেশিন অপারেটর;

১২। সহকারী ড্রামফিলিং মেশিন অপারেটর;

১৩। সহকারী ওয়ার্কশপ ওয়ার্কার;

১৪। সহকারী লেদম্যান;

১৫। অয়েলম্যান;

১৬। সহকারী এক্সপ্লেয়ারম্যান;

১৭। সহকারী লাইনম্যান/সহকারী ঘানীম্যান;

১৮। ঝর্ণাম্যান; ও

১৯। ফিল্টারম্যান।

অদক্ষ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ৪,৮০০/- | ২,৪০০/-(৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ৭,৯০০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪,৮০০/- | ১,৯২০/-(৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ৭,৪২০/- |

১। সাধারণ শ্রমিক।

**শিক্ষানবিস** ঃ শিক্ষানবিসগণ মাসে ৪,৫০০/- টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাহারা অদক্ষ গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

## "খ" পরিচ্ছেদ

## কর্মচারী পদবিন্যাস ও শ্রেণীবিভাগ

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

গ্রেড-১ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ৪,৫০০/- | ২,২৫০/- (৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ৭,৪৫০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪,৫০০/- | ১,৮০০/- (৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ৭,০০০/- |

১। সিনিয়র হিসাব রক্ষক;

২। সিনিয়র স্টোর কিপার;

৩। সিনিয়র টাইপিস্ট/সিনিয়র কম্পিউটার অপারেটর;

৪। সিনিয়র ক্লার্ক;

৫। সিনিয়র ক্যাশিয়ার; ও

৬। সিনিয়র ডেলিভারী ক্লার্ক।

গ্রেড-২ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ৩,৫০০/- | ১,৭৫০/-(৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ৫,৯৫০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৩,৫০০/- | ১,৪০০/-(৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ৫,৬০০/- |

১। সহকারী হিসাব রক্ষক;

২। সহকারী স্টোর কিপার;

৩। সহকারী টাইপিস্ট/সিনিয়র কম্পিউটার অপারেটর;

৪। সহকারী ক্লার্ক;

৫। সহকারী ডেলিভারী ক্লার্ক;

৬। সহকারী ক্যাশিয়ার;

৭। টেলিফোন অপারেটর; ও

৮। ড্রাইভার।

গ্রেড-৩ ঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিভাগীয় শহর ও সিটি করপোরেশনে | ২,৫০০/- | ১,২৫০/- (৫০% হারে) | ৫০০/- | ২০০/- | ৪,৪৫০/- |
| জেলা শহর ও অন্যান্য এলাকায় | ২,৫০০/- | ১,০০০/- (৪০% হারে) | ৫০০/- | ২০০/- | ৪,২০০/- |

১। দারোয়ান;

২। চৌকিদার/পিয়ন;

৩। পাহারাদার; ও

৪। সুইপার।

**শিক্ষানবিস ঃ** শিক্ষনবিসগণ মাসে ৩,০০০/- টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাঁহাদের প্রশিক্ষণ মেয়াদ সর্বোচ্চ ৬ (ছয়) মাস হইবে। প্রশিক্ষণ শেষে তাঁহারা ৩ নং গ্রেডের কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

অন্যান্য সুবিধাদি ঃ

১। অধিকাল ভাতা (Overtime allowance) :

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০৮ অনুযায়ী ৮ ঘন্টার পর অতিরিক্ত কাজের জন্য অধিকাল ভাতা প্রদেয়।

২। **উৎসব ভাতা** ঃ মূল মজুরীর সমহারে দুই ঈদে ০২ (দুই)টি উৎসব ভাতা প্রদেয়।

৩। **গ্রাচ্যুইটি** ঃ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (১০) অনুযায়ী প্রাপ্য হইবেন।

**শর্তাবলী** ঃ

(১) "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত নিম্নতম মজুরী বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "ওয়েল মিলস এন্ড ভেজিটেবল প্রডাক্টস" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(২) এই মজুরী হার ঘোষণার পর হইতে "ওয়েল মিলস এন্ড ভেজিটেবল প্রডাক্টস" শিল্প সেক্টরের মালিকগণ "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৩) যদি কোন "ওয়েল মিলস এন্ড ভেজিটেবল প্রডাক্টস" শিল্প সেক্টরে কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ এর উপ-ধারা (৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকারদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৪) "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৫) যদি "ওয়েল মিলস এন্ড ভেজিটেবল প্রডাক্টস" শিল্প সেক্টরের মালিক শ্রমিকদিগকে ফুরণভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৬) "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

(৭) কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

রাষ্টপতির আদেশক্রমে

**মোহাম্মদ আহসানুল জব্বার**
উপ-সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd